মায়রোসিন

শরবত আমলা

ইউনানী ঔষধ

বিবরণ: মায়রোসিন প্রাকৃতিক মূল্যবান হার্বস দ্বারা তৈরি ঔষধ যা রক্তে ভিটামিন- সি এর মাত্রা বৃদ্ধি করে এবং শরীরের গুরুত্বপূর্ণ অঙ্গ গুলোর কার্যকারিতা বৃদ্ধি করে। এটি শ্বাসকষ্ট, কাশি, সাধারণ দুর্বলতা, স্নায়বিক দুর্বলতা, পরিপাকতন্ত্রের দুর্বলতা, অকাল বার্ধক্য, স্মরণশক্তির দুর্বলতা, শিশুদের স্বাস্থ্যহীনতা জনিত সমস্যায় কার্যকর। এছাড়াও মায়রোসিন রোগ প্রতিরোধ ক্ষমতা ধ্বংসকারী প্যাথোজেনের বিরুদ্ধে কার্যকর। পরিপাক তন্ত্রের কার্যকারিতা বৃদ্ধি করতে ও ক্ষুধা বাড়াতে সহায়তা করে। স্তন্যদানকালীন মায়েদের জন্য আদর্শ টনিক। মায়রোসিন শিশুদের বৃদ্ধিতে বিশেষ ভূমিকা রাখে এবং স্মরণশক্তি বৃদ্ধিতে সহায়তা করে।

উপাদান: প্রতি ৫ মি.লি. মায়রোসিন সিরাপে জলীয় নির্যাস আকারে আছে:

ক্রমিক নং	আঞ্চলিক/বাংলা নাম	ইউনানী নাম	পরিমাণ
১	শুকনো আমলকী	আমলা খুশ্‌ক	০.৫০০ গ্রাম
২	পিপুল	ফিলফিল দরায	০.১০০ গ্রাম
৩	শুঁঠ	যাঞ্জাবীল	০.০৫০ গ্রাম
৪	গোলমরিচ	ফিলফিল সিয়াহ্	০.০২০ গ্রাম
৫	গোক্ষুর	খারে খসক্	০.০২০ গ্রাম
৬	কাঁকড়াশৃঙ্গী	কাকড়াশৃঙ্গী	০.০২০ গ্রাম
৭	সফেদ মূছলী	মূছলী সফেদ	০.০২০ গ্রাম
৮	নাগেশ্বর	নরমুশক্	০.০২০ গ্রাম
৯	অশ্বগন্ধা	এস্‌গন্দ	০.০২০ গ্রাম
১০	বেল ছাল	বেল ছাল	০.০১০ গ্রাম
১১	কন্টিকারী	কাটাই খুর্দ	০.০১০ গ্রাম
১২	যষ্টিমধু	আছলুস্- সূস	০.০১০ গ্রাম
১৩	বচ	ওয়াজ তুর্কী	০.০১০ গ্রাম
১৪	কপচিনি	কাবাব চীনী	০.০১০ গ্রাম
১৫	নিসিন্দা-পাতা	বর্গে সাম্ভালু	০.০১০ গ্রাম
১৬	আপাং	চিরচিট্টা	০.০১০ গ্রাম
১৭	বাসক-পাতা	বর্গে আড়ূসা	০.০১০ গ্রাম
১৮	ছোট এলাচ	হীল খুর্দ	০.০১০ গ্রাম
১৯	মুথা	সা'দ কূফী	০.০০৫ গ্রাম
২০	লবঙ্গ	করণফূল	০.০০৫ গ্রাম
২১	দারচিনি	দারচিনি	০.০০৫ গ্রাম
২২	তুলসী বীজ	তোখমে রায়হান	০.০০৫ গ্রাম
২৩	যবক্ষার	জওয়াক্ষার	০.০০৫ গ্রাম
২৪	চিনি, পরিশ্রুত পানি ও অনুষঙ্গী উপাদান		প্রয়োজন মত

সূত্র: শরবত আমলা, বা.জা.ই.ফ।

রোগ নির্দেশনা: ভিটামিন সি'র অভাব, কাশি, সাধারণ দুর্বলতা, স্নায়বিক দুর্বলতা, পরিপাকতন্ত্রের দুর্বলতা, অকাল বার্ধক্য, স্মরণশক্তির দুর্বলতা, শিশুর কৃশতা ও শ্বাসকষ্ট।

সেবন মাত্রা ও সেবন বিধি: প্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে: ২-৪ চা-চামচ করে ১-২ বার খাওয়ার পরে প্রতিদিন। **শিশুদের ক্ষেত্রে:** ১-২ চা-চামচ করে ১-২ বার খাওয়ার পরে প্রতিদিন। অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

পার্শ্ব-প্রতিক্রিয়া: মায়রোসিন সিরাপ এর ক্ষেত্রে তেমন কোন পার্শ্ব-প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি।

বিরূপ প্রতিক্রিয়া: সিরাপ মায়রোসিন এ তেমন কোন বিরূপ প্রতিক্রিয়া জানা যায়নি, তবে এর যে কোন উপাদানের প্রতি সংবেদনশীল রোগীদের ক্ষেত্রে প্রতিক্রিয়া দেখা যেতে পারে।

গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে: গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে মায়রোসিন সিরাপ নিরাপদ।

সংরক্ষণ: সূর্যালোক থেকে দূরে, শুষ্ক ও ঠাণ্ডা স্থানে সংরক্ষণ করুন, সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

সরবরাহ: প্রতিটি পেট বোতলে রয়েছে ১০০, ২০০ ও ৪৫০ মিলিলিটার মায়রোসিন সিরাপ।

প্রস্তুতকারক:
IBN SINA
দি **ইবনে সিনা** ন্যাচারাল মেডিসিন লিঃ
(ইউনানী বিভাগ) সফিপুর, গাজীপুর, বাংলাদেশ।